# সীতাকুণ্ডের শিপইয়ার্ডে বিষাক্ত গ্যাসে ৮ শ্রমিকের মৃত্যু



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের সীতাকুণ্ডের ভাটিয়ারীতে একটি জাহাজভাঙা ইয়ার্ডে স্ক্র্যাপ এলএনজি জাহাজের ট্যাংক থেকে বিষাক্ত গ্যাস ছড়িয়ে আট শ্রমিকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও কয়েকজন অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

শুক্রবার (১৪ আগস্ট) সকালে ভাটিয়ারী স্টেশন রোডসংলগ্ন ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ ইয়ার্ডে এ দুর্ঘটনা ঘটে। ফায়ার সার্ভিস ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকাজ শুরু করে। প্রথমে ঘটনাস্থল থেকে কয়েকজনের মরদেহ উদ্ধার করা হয়। পরে অসুস্থ শ্রমিকদের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে সেখানে আরও কয়েকজনের মৃত্যু হয়।

নিহতদের মধ্যে সানি জলদাস, পলাশ জলদাস এবং দুই সহোদর মনসুর আলী ও নাসির উদ্দিনের পরিচয় পাওয়া গেছে। তারা সবাই ভাটিয়ারী এলাকার বাসিন্দা।

ফায়ার সার্ভিসের প্রাথমিক ধারণা, এলএনজি বহনকারী জাহাজটি কাটার আগে প্রয়োজনীয় প্রক্রিয়ায় গ্যাসমুক্ত করা হয়নি। ফলে জাহাজের ভেতরে থাকা বিষাক্ত গ্যাস বের হয়ে শ্রমিকরা আক্রান্ত হন। জাহাজের বিভিন্ন ট্যাংকে কার্বন মনোক্সাইড, কার্বন ডাই-অক্সাইডসহ অন্যান্য ক্ষতিকর গ্যাস থাকার সম্ভাবনার কথাও জানানো হয়েছে।

এদিকে ইয়ার্ডে শ্রমিকদের নিরাপত্তাব্যবস্থা যথাযথ ছিল কি না এবং দুর্ঘটনার পেছনে কারও গাফিলতি রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর জানিয়েছে, গ্যাস নির্গমনের কারণ এবং নিরাপত্তাব্যবস্থা নিয়ে তদন্ত করা হবে।

দুর্ঘটনার পর নিহতদের পরিবার ও আহতদের পাশে থাকার আশ্বাস দিয়েছে ইয়ার্ড কর্তৃপক্ষ। একই সঙ্গে ঘটনার কারণ অনুসন্ধানে তদন্তের উদ্যোগ নেওয়া হয়েছে। পরে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী নিহতদের পরিবারকে ১০ লাখ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার আশ্বাস এবং দুর্ঘটনার কারণ তদন্তে কমিটি গঠনের নির্দেশের কথা জানান।